দৈনিক সংবাদ

তারিখ 16 SEP 1992
পৃষ্ঠা ৩ কলাম ৫

162

# ছাত্রদলের ওপর নজর রাখার নির্দেশ দেয়া হয়েছে

।। শিশির শীল ।।

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া কয়েকজন মন্ত্রী ও সংসদ সদস্যকে সারাদেশের ছাত্রদলের কর্মকাণ্ডের ওপর সার্বক্ষণিক নজর রাখার নির্দেশ দিয়েছেন।

এদিকে বছর দুয়েকের জন্য ছাত্র রাজনীতি বন্ধ করার ব্যাপারে সরকারী মহলের একাংশে যে কথাবার্তা উঠেছিল, সে ব্যাপারে সরকার আপাতত কোন সিদ্ধান্ত নিচ্ছেন না বলে জানা যায়। তবে সরকারের নীতি-নির্ধারকদের একটি অংশ ছাত্র রাজনীতির ক্ষেত্রে কিছু নীতিমালা অথবা আচরণবিধি প্রণয়নের জন্য প্রধানমন্ত্রীকে পরামর্শ দিয়েছেন। নীতি নির্ধারকদের আরেকটি অংশ জোর দিয়ে বলেছেন, ছাত্র রাজনীতি সংক্রান্ত ব্যাপারে যেকোন ধরনের নীতিমালা প্রণয়ন করলে সরকারকে প্রচন্ড বিরোধীদলীয় বিক্ষোভের সম্মুখীন হতে হবে।